গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০২৪.০৬.০০২.২০১৬- ৮৫ (৫০)

০৫ বৈশাখ ১৪২৪
তারিখঃ-------------------------
১৮ এপ্রিল ২০১৭

**বিষয়ঃ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

এপ্রিল-২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত খাদ্য মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো।

উল্লেখ্য, কার্যবিবরণী এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে Upload করা হয়েছে। সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি (পেন্ডিং বিষয়সহ) আগামী ০৯.০৫.২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সমন্বয় ও সংসদ অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণিতমতে।

১৮.০৪.২০১৭

(মোঃ সিরাজুল ইসলাম)
যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ)
ফোনঃ ৯৫৪০১২১
ই-মেইলঃ dscoordination@mofood.gov.bd

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(সংগ্রহ ও সরবরাহ),খাদ্য মন্ত্রণালয়। সংযুক্ত কার্যবিবরণী।
২। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ৭১-৭২ প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা। সংযুক্ত কার্যবিবরণী।
৩। মহা-পরিচালক,খাদ্য অধিদপ্তর। সংযুক্ত কার্যবিবরণী।
৪। যুগ্ম-সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
৫। মহা-পরিচালক,এফপিএমইউ,খাদ্য মন্ত্রণালয়,১৬,আব্দুল গণি রোড,ঢাকা।
৬। আইন উপদেষ্টা,খাদ্য অধিদপ্তর। সংযুক্ত কার্যবিবরণী।
৭। পরিচালক (প্রশাসন /সববি/সংগ্রহ/চসসা/আইডিটিএস/হিসাব ও অর্থ/প্রশিক্ষণ), খাদ্য অধিদপ্তর।
৮। উপ-সচিব (সকল)/ উপ-প্রধান (পরিকল্পনা কোষ), খাদ্য মন্ত্রণালয়।
০৯। পরিচালক (খানিপু/ উৎপাদন/ নীতি/ বাজার), এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
১০। মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়। সংযুক্ত কার্যবিবরণী।
১১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ২৯৯ নং দক্ষিণ জুরাইন, ঢাকা।
১২। সচিবের একান্ত সচিব,খাদ্য মন্ত্রণালয়। সংযুক্ত কার্যবিবরণী।
১৩। সিনিয়র সহকারী সচিব/ সিনিয়র সহকারী প্রধান (সকল), খাদ্য মন্ত্রণালয়।
১৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়,১৬,আব্দুল গণি রোড,ঢাকা।
১৫। সিষ্টেম এনালিষ্ট, খাদ্য অধিদপ্তর।
১৬। অতিরিক্ত পরিচালক (অভ্যন্তরীণ নিরীক্ষা), খাদ্য অধিদপ্তর।
১৭। সহকারী প্রকৌশলী (পরিকল্পনা কোষ),খাদ্য মন্ত্রণালয়।
১৮। বাজেট অফিসার,খাদ্য মন্ত্রণালয়।
১৯। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়। ১৩.০৪.২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো। সংযুক্ত কার্যবিবরণী।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

## এপ্রিল-২০১৭ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ কায়কোবাদ হোসেন
ভারপ্রাপ্ত সচিব
সভার স্থানঃ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময়ঃ ১৩.০৪.২০১৭ খ্রিঃ দুপুর ২-৩০ মিনিট

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশ করা আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মার্চ-২০১৭ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় দৃঢ়করণ করা হয়। মার্চ-২০১৭ মাসের গৃহীত সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতির তথ্যের ভিত্তিতে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.জনবল কাঠামো, শূন্য পদ পূরণ, নিয়োগবিধি চূড়ান্তকরণ ও পেন্ডিং বিষয় | (ক) খাদ্য মন্ত্রণলয়ের শূন্য পদে জনবল নিয়োগ<br>সভায় জানানো হয় যে, প্রশাসনিক কর্মকর্তা এবং ব্যক্তিগত কর্মকর্তার বর্তমান শূন্য পদ যথাক্রমে ৯ ও ৭। সংরক্ষিত (১০%) বাদে পদোন্নতিযোগ্য ৬টি পদের মধ্যে ১টি প্রশাসনিক কর্মকর্তার পদে পদোন্নতির জন্য পিএসসি'র সুপারিশমত পদোন্নতি দেয়া হয়েছে। ব্যক্তিগত কর্মকর্তার ১টি পদেও পিএসসি'র সুপারিশ অনুযায়ী পদোন্নতি প্রদান করা হয়েছে। সরাসরি নিয়োগযোগ্য পদে নিয়োগের সুপারিশ করার জন্য পিএসসিকে অনুরোধ করা হয়েছে। বর্তমানে ফিডার পদে পদোন্নতিযোগ্য কোন কর্মচারি নেই।<br><br>প্রশাসন-১ শাখা হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী কম্পিউটার অপারেটরের ১টি, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ১টি, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার পদের ৫টি এবং অফিস সহায়ক পদের ৯টিসহ মোট ১৬টি পদ শূন্য। এছাড়া, জনবল প্রমিতকরণে ৩য় শ্রেণির ৬টি, ৪র্থ শ্রেণির ৩টি পদ সৃজন (৬+৩) চূড়ান্ত হলে মোট শূন্য পদের সংখ্যা হবে (১৬+৯)=২৫টি। জনবল প্রমিতকরণ আদেশ অর্থ মন্ত্রণালয় কর্তৃক পৃষ্ঠাংকন করে তাৎক্ষণিকভাবে আগামী ০১ (এক) মাসের মধ্যে শূন্য পদে জনবল নিয়োগ প্রক্রিয়া শুরু করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | প্রমিতকরণ জনবলের আদেশ পৃষ্ঠাংকন হওয়া মাত্র আগামী ০১ (এক) মাসে খাদ্য মন্ত্রণালয়ের শূন্য পদে জনবল নিয়োগের প্রক্রিয়া শুরু করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| | (খ) খাদ্য অধিদপ্তরের শূন্য পদে নিয়োগ ও নিয়োগ বিধিমালা চূড়ান্তকরণ<br>সভায় জানানো হয় যে, খাদ্য অধিদপ্তরের ২য় থেকে ২০তম গ্রেডে মোট ৪৪১৭টি পদ শূন্য রয়েছে। নিয়োগ বিধিমালায় বাদ পড়া ৪টি পদ অন্তর্ভূক্তির জন্য ১১.০৪.২০১৭ খ্রি. তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবরে প্রয়োজনীয় কাগজপত্রসহ সম্পূরক প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বিস্তারিত আলোচনা শেষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উইং/ অধিশাখায় ব্যক্তিগতভাবে যোগাযোগ করার জন্য সচিব পরামর্শ প্রদান করেন। | খাদ্য অধিদপ্তরের নিয়োগ বিধিমালা চূড়ান্তকরণের কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে | উপ-সচিব(প্র-২), খাদ্য মন্ত্রণালয় |
| | (গ) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জনবল কাঠামো চূড়ান্তকরণ<br>সভায় আলোচনা হয় যে, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ হতে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সৃজিত ৩৬৫টি পদ এর স্কেল ভেটিং করা হয়েছে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে সচিব সভায় উপস্থাপনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের অনুরোধ করা হয়েছে। | জনবল চূড়ান্তকরণে সচিব সভায় উপস্থাপনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| | (ঘ) পেন্ডিং বিষয়<br>সভায় আলোচনা হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী খাদ্য অধিদপ্তরের জন্য বিদ্যমান আইন ২টি বাংলায় ভাষান্তর করা জরুরী। বিস্তারিত আলোচনা শেষে Out-Sourcing এর মাধ্যমে আইন ২টির খসড়া ভাষান্তর দ্রুত সম্পন্ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | Out-Sourcing এর মাধ্যমে আইন ২টির খসড়া ভাষান্তর দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর |
| ২. ই-হাউজ প্রশিক্ষণ, শাখা পরিদর্শন ও ই-ফাইলিং | ইন হাউজ প্রশিক্ষণ<br>সভাকে অবহিত করা হয় যে, APA তে লক্ষ্যমাত্রা পূরণ করার লক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারিগণকে ইন-হাউজ/ জনঘন্টা বিবেচনায় মডিউল অনুযায়ী প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। মার্চ-২০১৭ মাসে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির ৪ (চার) ক্যাটাগরীতে এ যাবৎ মোট ১১২৩ জন কর্মকর্তা/ কর্মচারিকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইন-হাউজ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করার জন্য সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশ দেয়া হয়। | ইন-হাউজ/ জনঘন্টা বিবেচনায় প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে। | যুগ্ম-সচিব (প্র-১), খাদ্য মন্ত্রণালয় |
| | শাখা পরিদর্শন<br>মার্চ-২০১৭ মাসে সংগ্রহ ও তদন্ত শাখা পরিদর্শন করা হয়েছে। প্রতিটি শাখা পরিদর্শনপূর্বক পরিদর্শনকালীন প্রাপ্ত অনিয়ম/ত্রুটিসমূহ সংশোধনের লক্ষ্যে শাখা পরিদর্শন অব্যাহত রাখার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | নিয়মিত শাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সকল উইং প্রধান, অধিশাখা ও শাখা প্রধান এবং যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |
| | **ই-ফাইলিং**<br>সভাকে অবহিত করা হয় যে, ফেব্রুয়ারি-২০১৭ মাসে পরবর্তী ই-ফাইলিং এ কাজের পরিমাণ ৫০% এ নেমে এসেছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে A2I প্রকল্পের মাধ্যমে মনিটরিং অব্যাহত রয়েছে। বিস্তারিত আলোচনাশেষে ই-গর্ভনেন্স বাস্তবায়নে প্রশাসনিক সকল ক্ষেত্রে বিশেষতঃ ই-ফাইলিং ব্যবহার অব্যাহত রাখা এবং প্রত্যেক অধিশাখা/ শাখায় ই-ফাইলিং ব্যবহার নিশ্চিত করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | প্রত্যেক অধিশাখা/ শাখায় ই-ফাইলিং ব্যবহার নিশ্চিত করতে হবে। | সকল উইং প্রধান, অধিশাখা ও শাখা প্রধান, খাদ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ৩. মামলা সম্পর্কিত | সভায় জানানো হয় যে, মামলার তথ্য জেলা অফিস গুলোতে সফট ওয়ারে নিয়মিতভাবে এন্ট্রি করার জন্য খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ০৯.০৩.২০১৭ খ্রিঃ তারিখের ৪২৮ নং পত্রে নির্দেশনা দেয়া সত্ত্বেও মাত্র ৩০টি জেলায় মামলার হালনাগাদ তথ্য সফট ওয়্যারে আপলোড করা হয়েছে। মামলার তথ্য হালনাগাদকরণ নিশ্চিত করার জন্য সভায় নির্দেশ দেয়া হয়। | আগামী সভার পূর্বে মামলার হালনাগাদ তথ্য সফট ওয়ারে এন্ট্রি করতে হবে। | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর |
| | সিলেটের আম্বরখানা মৌজায় খাদ্য বিভাগের নামীয় ৪৬ শতাংশ জমি অবৈধভাবে দখল প্রচেষ্টাকারীদের থেকে রক্ষা এবং বরিশাল শহরের আলেকান্দা মৌজার ১০ (দশ) শতাংশ জমির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। জমির মালিকানা এবং মামলার বিষয়ে হালনাগাদ তথ্যের ভিত্তিতে মামলার বিষয়ে ভিন্ন একটি সভা করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন।<br><br>এছাড়া, ক্রমাগতভাবে জমির মূল্য বৃদ্ধির ফলে অবশিষ্ট জমি দখলকারী ব্যক্তিগণ সারাদেশে ছড়িয়ে থাকা খাদ্য বিভাগের জমি দখলের চেষ্টা করতে পারে মর্মে আলোচনা হয়। এ সকল প্রচেষ্টা প্রতিহত করে জমি তথা মূল্যবান সম্পদ রক্ষার জন্য দীর্ঘদিন পূর্বে খাদ্য অধিদপ্তরের আইন ও মামলা এবং এষ্টেট বিভাগ সৃজনের বিষয়টি আলোচনা করা হয়। দীর্ঘদিন পূর্বে প্রেরিত আইন ও মামলা এবং এষ্টেট বিভাগ সৃজনের বিষয় নতুন করে প্রস্তাব প্রেরণের জন্য সভায় পুনরায় নির্দেশ প্রদান করা হয়। | হালনাগাদ তথ্যের ভিত্তিতে মামলার বিষয়ে ভিন্ন একটি সভা করতে হবে।<br><br>আইন ও মামলা এবং এষ্টেট বিভাগ সৃজনের বিষয় নতুন করে প্রস্তাব প্রেরণ করতে হবে। | মহাপরিচালক ও আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর<br><br>মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর। |
| ৪.অভ্যন্তরীন খাদ্যশস্য সংগ্রহ | **বোরো ধান মিলিং-২০১৬**<br>সভায় অবহিত করা হয় যে, বোরো-২০১৬ মৌসুমে সংগৃহীত সমূদয় ধান মিলিং করা সম্পন্ন হয়েছে। | | |
| | **আমন চাল সংগ্রহ ২০১৬-২০১৭**<br>সদ্য সমাপ্ত আমন সংগ্রহ মৌসুমে সিদ্ধ ও আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা যথাক্রমে ৪.৫০ লাখ মেট্রিক টন ও ০.৫০ লাখ মেট্রিক টন। ৪ লাখ ৭ হাজার ৩৮০ মেট্রিক টন সিদ্ধ এবং ৩৬ হাজার ৬১৮ মেট্রিক টন আতপসহ মোট ৪ লাখ ১৬ হাজার ৬৩৮ মেট্রিক টন চাল সংগৃহীত হয়েছে। অর্থাৎ অর্জনের শতকরা হার ৮৯%। প্রাথমিকভাবে নির্ধারিত প্রকৃত লক্ষ্যমাত্রা অপেক্ষা সংগৃহীত চালের পরিমাণ অনেক বেশী মর্মে সকলে একমত পোষণ করেন।<br><br>পরবর্তী সভায় আলোচনার বিষয়টি বাদ দেয়ার পক্ষে সভায় সকলে মত প্রকাশ করা হয়। | পরবর্তী সভায় আলোচনার বিষয়টি বাদ দিতে হবে। | সমন্বয় ও সংসদ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ৫. খাদ্যশস্য বিতরণ | **খাদ্যবান্ধব কর্মসূচি**<br><br>সভায় আলোচনা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর ব্রান্ডিং কর্মসূচি হিসেবে ইউনিয়ন পর্যায়ে 'খাদ্যবান্ধব কর্মসূচি' ২য় পর্যায়ে (মার্চ-এপ্রিল) ২ (দুই) মাসের জন্য পূনরায় চালু করা হয়েছে।<br><br>সভায় জানানো হয় যে, খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তা তালিকা খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে আপলাড করা হয়েছে।<br><br>এছাড়া, ভোক্তা তালিকা, ডিলারের দোকান, ইউপি অফিসে সংরক্ষণ করা হবে। লিফলেট বিতরণ/ মাইকিং/ টিভি নেটওয়ার্কের মাধ্যমে প্রচারপূর্বক ভোক্তা তালিকায় স্বচ্ছল ব্যক্তি/ পরিবারের নাম থাকলে তা জানানোর জন্য জনসাধারণকে অনুরোধ জানিয়ে প্রচারনা অব্যাহত রয়েছে। | খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তা তালিকা হালনাগাদকরণ প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক খাদ্য অধিদপ্তর |
| | **খাদ্যবান্ধব কর্মসূচি মনিটরিং**<br><br>সভায় আলোচনা হয় যে, মার্চ-২০১৭ মাসে খাদ্যবান্ধব কর্মসূচি পূনরায় শুরু হয়েছে। এ যাবত প্রায় ১ লাখ ৪৮ হাজার মেট্রিক টন চাল উত্তোলনপূর্বক ১ লাখ ৪৩ হাজার মেট্রিক টন চাল বিতরণ করা হয়েছে। খাদ্য মন্ত্রণালয় এবং খাদ্য অধিদপ্তরের ০২ (দুই) সদস্য বিশিষ্ট ৯টি টীমকে পরিদর্শন ও মনিটরিংপূর্বক খাদ্যবান্ধব কর্মসূচির চাল ভোক্তাগণের নিকট সুষ্ঠভাবে বিতরণ বিষয়ে ১টি প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয়। | খাদ্যবান্ধব কর্মসূচি মনিটরিংপূর্বক ভোক্তাগণের নিকট সুষ্ঠভাবে চাল বিতরণ বিষয়ে প্রতিবেদন দাখিল করতে হবে। | খাদ্যবান্ধব কর্মসূচি বাস্তবায়ন মনিটরিং টীম (সকল), খাদ্য মন্ত্রণালয় |
| | **ওএমএস খাতে চাল ওআটা বিক্রয়**<br><br>সভায় জানানো হয় যে,গত ০৮.০১.২০১৭ খ্রিঃ তারিখ থেকে ঢাকা মহানগর এবং তেজগাঁও সার্কেল, কেরানিগঞ্জ উপজেলায় ওএমএস খাতে পূনরায় চাল বিক্রয় শুরু হয়েছে। ৩১.০৩.২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ৪৯ হাজার ৮৫৮ মেট্রিক টন চাল বিক্রয় করা হয়েছে। Flash Flood পরবর্তী সময়ে সুনামগঞ্জ ও নেত্রকোণা জেলায় ওএমএস এর বিশেষ কার্যক্রম শুরু হয়েছে।<br><br>এছাড়া, ওএমএস খাতে আটা বিক্রয়ের জন্য ২০১৬-২০১৭ অর্থ বছরে এ যাবত ময়দাকলে ২ লাখ ৪০ হাজার মেট্রিক টন গমের আনুপাতিক পরিমাণ ১ লাখ ৮৪ হাজার মেট্রিক টন ফলিত আটা বিক্রয় করা হয়েছে। | ১. যথাযথ নজরদারি রেখে ওএমএস খাতে চাল ও আটা বিক্রয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক খাদ্য অধিদপ্তর |
| | ঢাকা মহানগরে ওএমএস কার্যক্রমে মন্ত্রণালয়ের টীমসমূহকে ভিজিট করার জন্য মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর প্রস্তাব করলে সচিব সম্মতি প্রদানপূর্বক বাস্তবায়ন করার জন্য নির্দেশ প্রদান করেন। | ২. ওএমএস পরিদর্শনে গঠিত টীম ঢাকা মহানগরের ওএমএস কার্যক্রম পরিদর্শন ও মনিটরিং করতে হবে। | উপ-সচিব (সরঃ-১), খাদ্য মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| | **চাল ও আটার বাজারমূল্য মনিটরিং**<br>সভাকে অবহিত করা হয় যে, খাদ্য পরিকল্পণা ও পরিধারণ ইউনিটের মাধ্যমে সারাদেশের চাল ও আটার বাজার দর মনিটরিং অব্যাহত আছে। প্রাপ্ত বাজার দর প্রতিকেজি চাল ৪০-৪১ টাকা। খোলা আটা প্রতিকেজি ২৩-২৫ টাকা। চালের বাজার কিছুটা উর্দ্ধমুখী। | বাজারদর নিয়মিত পর্যবেক্ষণপূর্বক মনিটরিং অব্যহত রাখতে হবে। | মহাপরিচালক, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট |
| ৬.রাজস্ব বাজেটের আওতায় সংস্কার/ মেরামত, ওঅন্যান্য নির্মাণ | **গুদাম মেরামত**<br>ফেব্রুয়ারি-২০১৭ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী অর্থ-বছর ভিত্তিক খাদ্য গুদাম মেরামত ও সংস্কার এবং অফিস ভবনসহ নতুন নির্মাণ কাজের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনার পর বিভিন্ন অর্থ-বছরে গৃহীত মেরামত ও সংস্কার এবং নতুন নির্মাণ কাজসমূহ দ্রুত সমাপ্ত করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | বিভিন্ন অর্থ-বছরে গৃহীত মেরামত ও সংস্কার এবং নতুন নির্মাণ কাজসমূহ দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর |
| | অর্থ-বছর অনেক পূর্বে শেষ হওয়া সত্ত্বেও ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ অর্থ-বছরের কাজ ২০১৬-২০১৭ অর্থ-বছরে কিভাবে অর্থ ছাড় করে কাজ বাস্তবায়ন করা হচ্ছে, আপত্তি উত্থাপিত হবে কিনা এ বিষয়ে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য একটি সুস্পষ্ট প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। যথাযথ পদ্ধতি অনুসরণে পূর্ববর্তী অর্থ বছরে গৃহীত নির্মাণ কাজ চলমান থাকায় এবং পরবর্তী অর্থ বছরে সম্পাদিত কাজের মূল্য পরিশোধ করায় কোন অনিয়ম হয়নি এবং কোন অডিট আপত্তি উত্থাপিত হবে না মর্মে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য বক্তব্য উপস্থাপন করেন। পূর্ববর্তী অর্থ বছরে গৃহীত চলমান নির্মাণ কাজ সম্পাদনের ক্ষেত্রে নিয়ম অনুযায়ী চলতি অর্থ বছর হিসেবে কাজের অগ্রগতি দেখানোর জন্য নির্দেশ দেয়া হয়। | পূর্ববর্তী অর্থ বছরে গৃহীত চলমান নির্মাণ কাজ সম্পাদনের ক্ষেত্রে নিয়ম অনুযায়ী চলতি অর্থ বছর হিসেবে কাজের অগ্রগতি দেখাতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর |

<table>
<tr>
<td>৭. অডিট আপত্তি নিষ্পত্তি</td>
<td>যুগ্ম-সচিব (অডিট) সভায় জানান যে, মার্চ-২০১৭ মাসে অগ্রিম আপত্তি নিষ্পত্তির জন্য ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় আলোচিত অনুচ্ছেদ-১৯ এবং নিষ্পত্তির সুপারিশ-২টি। এ সময়ে ২টি অনুচ্ছেদের ব্রডসিট জবাব প্রেরণ করা হয়েছে। অডিট অধিশাখা হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী অগ্রিম, খসড়া ও সংকলনভূক্ত অডিটের তথ্য নিম্নে দেখানো হলঃ<br><br>
(ক) অগ্রিম
<table>
<tr><th>বিবরণ</th><th>ফেব্রুয়ারি- ২০১৭</th><th>মার্চ-২০১৭</th></tr>
<tr><td>প্রারম্ভিক আপত্তি -----</td><td>২৮০৯</td><td>২৮০৭</td></tr>
<tr><td>সংযোজিত আপত্তি ---</td><td>১৬</td><td>২৮</td></tr>
<tr><td>মোট আপত্তি ---</td><td>২৮২৫</td><td>২৮৩৫</td></tr>
<tr><td>নিষ্পত্তিকৃত (জারিপত্র)</td><td>১৮</td><td>৩</td></tr>
<tr><td>অবশিষ্ট আপত্তি -----</td><td>২৮০৭</td><td>২৮৩২</td></tr>
<tr><td>ব্রডশিট জবাব -----</td><td>১৪</td><td>৬</td></tr>
<tr><td>ত্রিপক্ষীয় সভা -----</td><td>০১</td><td>১</td></tr>
<tr><td>আলোচিত আপত্তি ---</td><td>৩০</td><td>১৯</td></tr>
<tr><td>নিষ্পত্তির সুপারিশ ---</td><td>২৬</td><td>২</td></tr>
</table>
(খ) খসড়া<br>
প্রারম্ভিক আপত্তি ......................৭৬৩টি<br>
সংযোজিত আপত্তি................. ০০টি<br>
মোট আপত্তি...........................৭৬৩টি<br>
নিষ্পত্তিকৃত আপত্তি................. ০০টি<br>
অবশিষ্ট আপত্তি........................৭৬৩টি<br><br>
(গ) সংকলন<br>
সংকলনভুক্ত আপত্তি....................................... ৫৯৩টি<br>
সর্বশেষ পিএ কমিটির সুপরিশমত নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা ................................. ১৫টি<br>
অবশিষ্ট আপত্তির সংখ্যা................................ ৫৭৮টি<br>
ব্রডশিট জবাব........................................... ০০টি<br>
বিস্তারিত আলোচনা শেষে অগ্রিম আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রতিমাসে কমপক্ষে ১টি সভা অনুষ্ঠানের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।</td>
<td>অডিট আপত্তি নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে এবং প্রতিমাসে কমপক্ষে ১টি ত্রিপক্ষীয় সভা করতে হবে।</td>
<td>মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর যুগ্ম-সচিব (বাজেটও অডিট) এবং যুগ্মসচিব (অডিট), খাদ্য মন্ত্রণালয়</td>
</tr>
<tr>
<td>৮. অভিযোগ ব্যবস্থাপনা</td>
<td>
<table>
<tr><th>জের</th><th>বর্তমান মাসে প্রাপ্ত</th><th>মোট অভিযোগ</th><th>নিষ্পত্তির সংখ্যা</th><th>অনিষ্পন্ন সংখ্যা</th><th>তিন মাসের উপরে</th><th>ছয় মাসের উপরে</th><th>তিন মাসের কম সময়ে অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা</th></tr>
<tr><td>৫৪</td><td>০১</td><td>৫৫</td><td>০৬</td><td>৪৯</td><td>১২</td><td>৩৩</td><td>০৫</td></tr>
</table>
সভায় জানানো হয় যে, মার্চ-২০১৭ মাসের সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগ ও নিষ্পত্তির তথ্য পূনঃ বিন্যাস করা হয়েছে। অভিযোগের গুরুত্ব বিবেচনা করে আগামী সভার পূর্বে অভিযোগ নিষ্পত্তির বিস্তারিত তথ্য দাখিল করার জন্য সভায় নির্দেশনা প্রদান করেন। দীর্ঘদিন যে সমস্ত অভিযোগের তদন্ত খাদ্য অধিদপ্তরে</td>
<td>দীর্ঘদিন যে সমস্ত অভিযোগের তদন্ত খাদ্য অধিদপ্তরে পেন্ডিং আছে তা সত্বর প্রেরণ করতে হবে।</td>
<td>উপ-সচিব (তদন্ত), খাদ্য মন্ত্রণালয়</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | পেন্ডিং আছে তা সত্বর প্রেরণের জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। | | |
| ৯. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী ৩য় কোয়ার্টার মনিটরিং সভায় ২০১৬-২০১৭ সালের কর্ম-পরিকল্পনা সংশোধনীসহ অবাস্তবায়িত কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভায় আলোচনাকালে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ জানান যে, মাননীয় খাদ্য মন্ত্রী এবং খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতির অংশ গ্রহণে অনুষ্ঠিত স্টেক হোল্ডার মিটিং এর তথ্য সমন্বয় ও সংসদ অধিশাখায় প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।<br><br>পরিকল্পনামত ভিডিও কনফারেন্স না হওয়ায় খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের সমন্বিত সভায় ভিডিও কনফারেন্স এর মাধ্যমে খাদ্য মন্ত্রণালয়কে Connect করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | ১. স্টেক হোল্ডার মিটিং এর তথ্য প্রেরণ করতে হবে।<br><br>২. খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের সমন্বিত সভায় ভিডিও কনফারেন্স এর মাধ্যমে খাদ্য মন্ত্রণালয়কে Connect করতে হবে। | ১. চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।<br><br>২. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর। |
| ১০. বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রম | সভায় জানানো হয় যে, নিরাপদ খাদ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার কার্যক্রম আরও বৃদ্ধি করা হয়েছে। পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে জনসচেতনতামূলক সভা অনুষ্ঠানের জন্য সকল জেলা প্রশাসককে ডিও পত্র দেয়া হয়েছে। নিরাপদ খাদ্য আইনের ব্যাখ্যা, শাস্তির পরিধি অবহিত করার জন্য বলা হয়েছে। ভেজালরোধে পরিস্কার-পরিচ্ছন্নতার গুরুত্ব আলচনায় অন্তর্ভুক্ত করার জন্য বলা হয়েছে। আগামি ১৬.০৪.২০১৭ খ্রি তারিখে ঢাকা মহানগরে রমজান উপলক্ষ্যে সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হবে। আইএসএফবি কর্তৃক প্রস্তুতকৃত কার্টুন সম্বলিত একটি টিভিস্পট বিভিন্ন টেলিভিশন চ্যানেলে প্রচার হচ্ছে। একটি মোবাইল এ্যাপস ও একটি বুকলেট তৈরির কাজ হাতে নেয়া হয়েছে | নিরাপদ খাদ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |

আলোচ্যসূচিতে আর কোন বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭/৪/১৭

(মোঃ কায়কোবাদ হোসেন)
ভারপ্রাপ্ত সচিব